


চমৎকার কিছু দেখলে আমরা অনেকেই সেটিকে 'কুল' বা 'জটিল' হিসেবে আখ্যায়িত করে থাকি। আজকের নেট যুগের নাগরিকরা ওয়ার্ল্ড ওয়াইড ওয়েবে ঘুরে বেড়ানোর সময় এমন অনেক 'কুল' এবং 'জটিল' জিনিসপত্র দেখে থাকেন। আমাদের আজকের এই নিবন্ধে সেরকমই কয়েকটি 'কুল' ওয়েব প্রোগ্রাম সি নিউজ পাঠকদের জন্য হাজির করব। আমরা জানি, সি নিউজ পাঠকরা সবসময় নিজেদের অন্যদের চাইতে একটু আলাদা ভাবে এবং আলাদা রাখতে পছন্দ করেন। আমরা নিশ্চিত, এসব কুল ওয়েব অ্যাপস ব্যবহার করার মাধ্যমে নিজেদেরকে আরো কুল এন্ড স্পেশাল রাখতে সক্ষম হবেন সি নিউজ পাঠকরা। আসুন তাহলে একটু ঘুরে আসা যাক ওয়েবের ভুবন থেকে।

অ্যাডোব ব্রাউজার ল্যাব

ঠিকানা: www.browserlab.adobe.com

ওয়েব ডিজাইনারদের হরহামেশাই ক্রস ব্রাউজার টেস্টিং, অর্থাৎ কোনো ডিজাইন বা কনটেন্ট বিভিন্ন



ব্রাউজারে কেমন দেখাচ্ছে বা কেমন কাজ করছে সেটা পরখ করে

দেখতে হয়। এ ওয়েব অ্যাপি-কেশনটির সাহায্যে আপনার তৈরি করা ওয়েব পেজগুলো বিভিন্ন ব্রাউজারে কেমন দেখাচ্ছে সেটি দ্রুত দেখে নিতে পারবেন। ইন্টারনেট কানেকশন আছে এমন যে কোনো কম্পিউটার থেকেই রিয়েল টাইমে আপনি ক্রস ব্রাউজার টেস্টিং-এর কাজটি সম্পন্ন করতে পারবেন।

নোটবল

ওয়েব ঠিকানা: www.notableapp.com

ওয়েব সাইট বা ওয়েব ডিজাইন সম্বন্ধে ফিডব্যাক দেয়ার জন্য টেক্সট ডকুমেন্ট আর ইমেইল ব্যবহার করতে করতে আপনি ক্লান্ত? তাহলে আপনার দরকার নোটবল। কারণ



এর সাহায্যে আপনি ওয়েব পেজ সম্বন্ধে আপনার ফিডব্যাক সরাসরি এ ওয়েবপেজেই দিতে পারবেন, যেখানে আপনার পয়েন্টগুলো সুন্দরভাবে হাইলাইট করা থাকবে। এর সাহায্যে আপনি যে কোনো ওয়েব সাইটের ডিজাইন, কনটেন্ট, কোড ইত্যাদি সম্বন্ধে দ্রুত ফিডব্যাক দিতে পারবেন, এবং এজন্য আপনাকে একবারও ওয়েব ব্রাউজার থেকে বের হতে হবে না।

গুগল ক্যালেন্ডার

ঠিকানা: www.google.com/calendar

গুগলের এই ফ্রি অনলাইন ক্যালেন্ডার দিয়ে আমাদের জীবনের গুরুত্বপূর্ণ সব ঘটনার হদিস

৫৬ সি নিউজ ৯ ফেব্রুয়ারি ২০১০

কিছু 'কুল' ওয়েব অ্যাপ্লিকেশন

রশিদুল্লাহ বিপ-ব/rashidbiplot@gmail.com

এক জায়গায় রাখা যাবে। এই অনলাইন অ্যাপি-কেশনের সাহায্যে আপনার ক্যালেন্ডারকে দৃশ্যমান করে তুলতে পারেন আপনার পরিবারের



সদস্য বা বন্ধুবান্ধবদের কাছে, অন্যরা আপনার সঙ্গে তাদের যেসব শিডিউল শেয়ার করেছে সেগুলোও দেখতে পারেন নিজে। এছাড়া ইমেইল বা টেক্সট মেসেজের মাধ্যমে বিভিন্ন ইভেন্ট সম্বন্ধে রিমাইন্ডারও পেতে পারেন।

উইক্স

ওয়েব ঠিকানা: www.wix.com

উইক্স আপনাকে বিনা পয়সায় ওয়েব সাইট তৈরি ছাড়াও ফ্রি মাইস্পেস লেআউট এবং ফ্ল্যাশ



মাইস্পেস লেআউট তৈরিতে সাহায্য করবে। ওয়েব সাইট তৈরি ও ডিজাইন করার জন্য অন্যতম সেরা, দ্রুত এবং খুবই সহজ সরল একটি অ্যাপি-কেশন এটি।

জ্যাপ্রোভড

ওয়েব ঠিকানা: www.zapproved.com

এই অত্যন্ত ছোট ওয়েব টুলটি দলগত সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে করে তোলে সহজ, দ্রুত এবং



খুবই কার্যকর। অনলাইনে ছোট বা বড় দলের মধ্যে মত বিনিময়, সমন্বয় এবং পারস্পরিক সিদ্ধান্ত গ্রহণকে সম্ভব করতে জ্যাপ্রোভড-এর জুড়ি নেই।

ফটোগ্যাক

ওয়েব ঠিকানা: www.photosnack.com

ফটোগ্যাকের সাহায্যে ওয়েবে ফটো আপলোড করা, অসাধারণ সব ফটো স্পাইডশো তৈরি করা এবং সেগুলো

আত্মীয় বন্ধু বান্ধবের সঙ্গে শেয়ার করা হয়ে গেছে খুবই সহজ। এটা পুরোপুরি ফ্রিও।

অফিস লাইভ

ঠিকানা: www.officelive.com/en-us

এ ওয়েব সেবাটির মাধ্যমে ফ্রি অনলাইন স্টোরেজ এবং ডকুমেন্ট ভাগাভাগি হবে সহজতর। এখানে আপনি সর্বোচ্চ ৫ গিগাবাইট পর্যন্ত ফাইল সংরক্ষণ করতে পারবেন, পারবেন এসব ফাইল



FREE online storage and document sharing

অন্যের সঙ্গে ভাগাভাগি করতেও। এছাড়া এ সফটওয়্যারটির সাহায্যে আপনার ওয়েব ব্রাউজার থেকেই মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল এবং পাওয়ারপয়েন্ট ফাইল দেখতে পারবেন।

ডিমডিম

ওয়েব ঠিকানা: www.dimdim.com

ডিমডিম নামের এই ফ্রি ওয়েব কনফারেন্সিং সার্ভিসটি ব্যবহার করে আপনার ডেস্কটপ অন্যদের

সঙ্গে শেয়ার

করতে

পারবেন,

পারবেন

স্পাইড

দেখতে,

চ্যাট

করতে

এবং

ওয়েবক্যামের

সাহায্যে

যা খুশি

সম্প্রচার

করতে।

যাদের

সঙ্গে

শেয়ার

করবেন

তাদের,

আর

আপনারও

এজন্য

বাড়তি

কোনো

কিছু

ডাউনলোড

করতে

হবে না।

ফটোশপ.কম

ওয়েব ঠিকানা: www.photoshop.com

অনলাইন ফটো শেয়ারিং, এডিটিং এবং হোস্টিং-এর জন্য অনন্য একটি রিসোর্স। এখানে ছবি



আপলোড, অর্গানাইজ, এডিট এবং ১ গিগাবাইট পর্যন্ত ছবি সংরক্ষণ ও শেয়ার করতে পারেন।

সিডি

ওয়েব ঠিকানা: http://ceevee.com

আকর্ষণীয়, কার্যকর সিডি (জীবন বৃত্তান্ত) তৈরি এবং অন্যদের সঙ্গে শেয়ার করার জন্য একটি দারুণ প্রোগ্রাম এই

সিডি (CeeVee)। অনলাইনে আপনার সিডি পোস্ট করার জন্যও এটি খুব কার্যকর। ■